

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.dme.gov.bd

স্মারক নংঃ ৫৭.২৫.০০০০.০০৪.০২.০৭৩-১৭- ০৪৬৮

তারিখঃ ২৯.০৮.২০১৭খ্রিঃ

বিষয়: ভূয়ারকান্দি দাখিল মাদরাসা, সদর, ফরিদপুর-এ নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) ভূয়ারকান্দি দাখিল মাদরাসা, সদর, ফরিদপুর-এর ২৭.০৭.২০১৭ তারিখের আবেদন (২১.০৮.২০১৭খ্রি. প্রাপ্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং পত্রে উল্লিখিত মাদরাসার সুপার-এর শূণ্য পদে নিয়োগের জন্য নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি মনোনয়নের জন্য ২৮.০৩.২০১৭খ্রি. একথানা আবেদন দাখিল করা হয়।

০২. উক্ত আবেদনের সাথে সংযুক্ত প্রমাণকসমূহ পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে,

(ক) উক্ত মাদরাসার ভারপ্রাপ্ত সুপার নিয়োগ বিধিসম্মত হয়নি;

(খ) প্রমাণকসমূহ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়ন করা হয়নি; এবং

(গ) হলফনামায় কোন সহি স্বাক্ষর নেই।

(ঘ) প্রতিকায় প্রকাশিত বিজ্ঞাপনে এমপিও নির্দেশিকার বিধির ব্যতিক্রম শর্ত উল্লেখ করা হয়েছে।

০৩. বিষয়টি দরখাস্ত দাখিলের দিনেই (২৮.০৩.২০১৭খ্রি.) প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত সুপারকে টেলিফোনে জানানো হয়।

০৪. পরবর্তীতে ২১.০৬.২০১৭খ্রি. তারিখে চাহিত প্রমাণকসমূহ দাখিল করা হয়। উক্ত প্রমাণকসমূহের মধ্যে ভারপ্রাপ্ত সুপার নিয়োগ সংক্রান্ত রেজুলেশন থেকে দেখা যায় যে, পদটি শূণ্য ঘোষণার/হওয়ার পূর্বেই পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে এবং প্রদত্ত রেজুলেশনের কমিটির সদস্যদের কোন স্বাক্ষর নেই।

০৫. উক্ত বিষয়টি ভারপ্রাপ্ত সুপারকে জানালে তিনি এ বিষয়ে ব্যাখ্যা করেন এবং সদস্যদের স্বাক্ষর সম্বলিত রেজুলেশন কপি ১৬.০৭.২০১৭খ্রি. তারিখে সরবরাহ করেন। কিন্তু ইতোমধ্যে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন মেয়াদোত্তীর্ণ হওয়ায় (পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ ১০.০১.২০১৭খ্রি. থেকে ছয় মাস) মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দেওয়া সম্ভব হয়নি। এই বিষয়ে ভারপ্রাপ্ত সুপারকে অবহিত করা হলে তিনি জানান যে, পত্রিকায় পুনরায় বিজ্ঞপ্তি প্রদান করে উক্ত পত্রিকার কপি সরবরাহ করা হবে।

০৬. পত্রিকায় পুনরায় বিজ্ঞপ্তি প্রদান করে ২৭.০৭.২০১৭খ্রি. তারিখে ভারপ্রাপ্ত সুপারের স্বাক্ষরিত একথানা আবেদন ২১.০৮.২০১৭খ্রি. তারিখে পত্রিকার কপিসহ অধিদপ্তরে দাখিল করা হয়। দাখিলকৃত আবেদন এবং পত্রিকা পর্যবেক্ষণে দেখা যায় যে, বিজ্ঞাপনটি “দৈনিক নবচেতনা” (ঢাকা থেকে প্রকাশিত) এবং “দৈনিক ভোরের প্রত্যাশা” (স্থানীয়) নামক পত্রিকাদ্বয়ে প্রকাশিত হয়েছে।

০৭. বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত জাতীয় দৈনিক পত্রিকার তালিকায় দৈনিক নবচেতনা এ অবস্থান ৫১তম। এর প্রচার সংখ্যা ১৭৫০৫। এত কম প্রচার সংখ্যার পত্রিকায় ইতোপূর্বে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ হলেও অত্র অধিদপ্তর কর্তৃক ডিজি’র প্রতিনিধি মনোনয়ন প্রদান করা হয়নি। ডিজি’র প্রতিনিধি মনোনয়ন প্রদানের ক্ষেত্রে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কমপক্ষে এক লক্ষ প্রচার সংখ্যার স্ট্যান্ডার্ড বজায় রেখে আসছে।

০৮. এমতাবস্থায়, ডিজি’র প্রতিনিধি মনোনয়নের জন্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্ট্যান্ডার্ড বজায় রেখে সর্বশেষ প্রকাশিত এমপিও নির্দেশিকার বিধান অনুসরণ করে জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করার জন্য এবং সে মতে পত্রিকার কপি (পত্রিকায় প্রকাশিত দরখাস্ত জমার নির্ধারিত মেয়াদ শেষে) অত্র অধিদপ্তরে দাখিল করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সুপার (ভারপ্রাপ্ত)

ভূয়ারকান্দি দাখিল মাদরাসা  
ফরিদপুর সদর, ফরিদপুর।

(ড. মোঃ আঃ মাল্লান মোল্লা)

সহকারি পরিচালক

দাখিল ও এবতেদায়ি মাদরাসা  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন নং- ৯৩৪৭১৬১

ই-মেইল:dgdmeb@gmail.com

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [দৃ:আ:- সহ: সচিব (মাদরাসা-২)]

২. অফিস কপি।